যুগান্তর

তারিখ ... 19 JUL 2017 ...
পৃষ্ঠা ... ১৮ ... কলাম ... ৫ ......

# জেএসসি পরীক্ষা শুরু ১ নভেম্বর পিইসি ১৯

**যুগান্তর রিপোর্ট**

চলতি বছরের পঞ্চম ও অষ্টম শ্রেণীর সমাপনী পরীক্ষা আগামী নভেম্বরে শুরু হবে। ১ নভেম্বর থেকে নেয়া হবে অষ্টম শ্রেণীর জেএসসি ও জেডিসি পরীক্ষা। ১৯ নভেম্বর থেকে নেয়া হবে পঞ্চম শ্রেণীর প্রাথমিক ও ইবতেদায়ি শিক্ষা সমাপনী পরীক্ষা। চারটি পরীক্ষার ফলই ডিসেম্বরের শেষ ৫ দিনের মধ্যে প্রকাশ করা হবে। ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মাহবুবুর রহমান এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা রবীন্দ্রনাথ রায় আলাদাভাবে এসব তথ্য জানিয়েছেন। মঙ্গলবার সচিবালয়ে প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী অ্যাডভোকেট মোস্তাফিজুর রহমান ফিজারের সভাপতিত্বে পরীক্ষা সংক্রান্ত জাতীয় স্টিয়ারিং কমিটির সভায় তারিখ চূড়ান্ত হয়। সে অনুযায়ী এ পরীক্ষা চলবে ২৬ নভেম্বর পর্যন্ত। প্রাথমিক ও ইবতেদায়ি সমাপনীতে এবার প্রায় সাড়ে ২৮ লাখ শিক্ষার্থী অংশ নিচ্ছে। সভায় পরীক্ষার রুটিনও অনুমোদন করা হয়। সে অনুযায়ী প্রাথমিক সমাপনীতে ১৯ নভেম্বর ইংরেজি, ২০ নভেম্বর বাংলা, ২১ নভেম্বর বাংলাদেশ ও বিশ্ব পরিচয়, ২২ নভেম্বর প্রাথমিক বিজ্ঞান, ২৩ নভেম্বর ধর্ম ও নৈতিক শিক্ষা এবং ২৬ নভেম্বর গণিত পরীক্ষা হবে। ইবতেদায়ি সমাপনীতে ১৯ নভেম্বর ইংরেজি, ২০ নভেম্বর বাংলা, ২১ নভেম্বর বাংলাদেশ ও বিশ্ব পরিচয়, ২২ নভেম্বর আরবি, ২৩ নভেম্বর কুরআন ও তাজবিদ এবং আকাঈদ ও ফিকহ এবং ২৬ নভেম্বর গণিত পরীক্ষা নেয়া হবে।

এদিকে অধ্যাপক মাহবুবুর রহমান জানান, জেএসসি ও জেডিসি পরীক্ষা ১৮ নভেম্বরের মধ্যে শেষ করার প্রস্তুতি নিয়ে কার্যক্রম অব্যাহত আছে। এই পরীক্ষার নিবন্ধন কার্যক্রম এখনও শেষ হয়নি। সে কারণে পরীক্ষার্থীর প্রকৃত শিক্ষার্থী সংখ্যা ঠিক হয়নি। তবে প্রায় ২২ লাখ পরীক্ষার্থী এবার অংশ নিতে পারে বলে তিনি ধারণা করছেন।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং........................
তারিখ........................
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিস্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর